

বাংলাদেশ দূতাবাস
ব্যাংকক

প্রেস বিজ্ঞপ্তি

নং ১৩৫

**UNESCAP -এর Asian and Pacific Centre for Transfer of Technology (APCTT) পরিচালনা
পরিষদের সদস্য হিসেবে নির্বাচিত হল বাংলাদেশ**

ব্যাংকক, ১৯ মে ২০২৩:

বাংলাদেশ আজ United Nations Economic and Social Commission for Asia and the Pacific (UNESCAP) এর Asian and Pacific Centre for Transfer of Technology (APCTT) পরিচালনা পরিষদের সদস্য হিসেবে নির্বাচিত হয়। আজ UNESCAP -এর ৭৯তম কমিশন অধিবেশনের সমাপনী সভা চলাকালীন নির্বাচনের এ ফলাফল ঘোষণা করা হয়। চীন, ইরান, পাকিস্তান, ফিলিপাইন, দক্ষিণ কোরিয়া প্রজাতন্ত্র, রাশিয়ান ফেডারেশন, তাজিকিস্তান, থাইল্যান্ড এবং উজবেকিস্তানও এ পরিচালনা পরিষদের সদস্য হিসেবে নির্বাচিত হয়। স্বাগতিক দেশ হিসেবে ভারত এ গভর্নিং কাউন্সিলের স্থায়ী সদস্য। নতুন সদস্যরা ২০২৩ থেকে ২০২৬ সময়ের জন্য পরিচালনা পরিষদে দায়িত্ব পালন করবে।

The Asian and Pacific Centre for Transfer of Technology (APCTT) ভারতের নয়াদিল্লিতে অবস্থিত UNESCAP -এর একটি আঞ্চলিক প্রতিষ্ঠান যেটি বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে UNESCAP -এর সদস্য রাষ্ট্রের সক্ষমতা বৃদ্ধি ও প্রযুক্তির বিকাশ ও হস্তান্তরের জন্য কাজ করে থাকে।

উল্লেখ্য, বাংলাদেশ গত বছরের UNESCAP -এর ৭৮ তম কমিশন অধিবেশনে UNESCAP -এর পরিসংখ্যান (SIAP), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (APCICT), কৃষি (CSAM) এবং দুর্যোগ ব্যবস্থাপনা (APDIM) ক্ষেত্রে অপর চারটি আঞ্চলিক প্রতিষ্ঠানের সদস্য নির্বাচিত হয়। এখন বাংলাদেশই একমাত্র দেশ যেটি UNESCAP-এর পাঁচটি আঞ্চলিক প্রতিষ্ঠানের গভর্নিং কাউন্সিলের নির্বাচিত সদস্য। এই প্রতিষ্ঠানগুলির পরিচালনা পরিষদে সদস্যপদ লাভের মাধ্যমে, বাংলাদেশ এই প্রতিষ্ঠানের কর্মসূচি তৈরি এবং অর্থ ও অন্যান্য প্রশাসনিক বিষয়ে পরামর্শ প্রদান এবং কৃষি, পরিসংখ্যান, বিজ্ঞান ও প্রযুক্তি, এবং দুর্যোগ ব্যবস্থাপনা ক্ষেত্রে প্রযুক্তির ব্যবহার, প্রযুক্তি বিনিময়, তথ্য ও যোগাযোগ ক্ষেত্রে সক্ষমতা বৃদ্ধি, দক্ষতা উন্নয়ন বিশেষ গুরুত্ব পাবে।

এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় রাষ্ট্রসমূহ বাংলাদেশের নেতৃত্বকে কতটা মূল্যায়ন করে UNESCAP -এর বিভিন্ন পরিচালনা পরিষদে এ জয় তার এক উজ্জ্বল দৃষ্টান্ত।

